

০০০০
০০০০
০০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধী ও এতিম বিষয়ক শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

১১/১৬ ২০১৩

স্মারক :সকম/প্রতি:শা:/স-০৩/২০০৬-৪৮

তারিখ : ১২ ফাল্গুন, ১৪১৯ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিঃ

পরিপত্র

বিষয় : সমাজসেবা অধিদফতরাধীন আবাসিক সুবিধা সম্পন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের উদ্দেশ্যে দরপত্র মূল্যায়ন কমিটি পুনর্গঠন সংক্রান্ত।

সমাজসেবা অধিদফতরাধীন আবাসিক সুবিধা সম্পন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর আলোকে নিম্নোক্তভাবে দরপত্র খোলা ও দরপত্র মূল্যায়ন কমিটি পুনর্গঠন করা হ'ল:

(ক) দরপত্র খোলা কমিটি :

- | | | |
|---------------------------------------|---|------------|
| ১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | : | সভাপতি |
| ২. জেলা মার্কেটিং অফিসার | : | সদস্য |
| ৩. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | : | সদস্য-সচিব |

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি :

- | | | |
|---|---|------------|
| ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | : | সভাপতি |
| ২. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা | : | সদস্য |
| ৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট জেলা | : | সদস্য |
| ৪. জেলা মার্কেটিং অফিসার, সংশ্লিষ্ট জেলা | : | সদস্য |
| ৫. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | : | সদস্য |
| ৬. সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | : | সদস্য-সচিব |

(গ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর আলোকে বর্ণিত কমিটি দরপত্র খোলা এবং দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করবে।

(ঘ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত গণখ্যতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ অনুসারে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর দরপত্র অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) এ পরিপত্র জারীর পর ইতোপূর্বে জারীকৃত পরিপত্র বাতিল বলে গণ্য হবে। তবে চলমান দরপত্রগুলি স্মারক নম্বর-সকম/প্রতি: শা:/স-৩/২০০৬-৬৫ তারিখ : ১৮-৪-২০০৬ মোতাবেক গঠিত কমিটি কর্তৃক মূল্যায়ন সম্পূর্ণ করতে পারবে।

০২. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

তারিখ : ২৪/২/১৩

(এম.এম.সুলতান মাহমুদ)

উপসচিব (প্রতিষ্ঠান)

ফোন : ৯৫১১০০৫(অঃ)